

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

স্মারক নং - ৩৩.০৪.০০০০.১০৫.১৯.০০৩.২০-৬২১

তারিখঃ ৩১/১০/২০২৪ইং

বিষয়ঃ দেশের বর্তমান রাজনৈতিক পট পরিবর্তনের প্রেক্ষাপট বিবেচনায় সরকারী কর্মচারীদের অধিকতর দায়িত্ব পালন প্রসঙ্গে।

সম্প্রতি মাঠ পর্যায়ের কোন কোন অফিসের কর্মকর্তাদের সংবাদ বিভিন্ন মাধ্যমে প্রকাশিত হওয়ায় বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়। বিদ্যমান পরিস্থিতিতে অত্র ইনস্টিটিউটের আওতাধীন কেন্দ্র ও উপকেন্দ্রের প্রধানগণসহ অন্যান্য কর্মচারীদের নিম্নোক্ত নির্দেশনা পালন করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

- ১। নিজ অধিক্ষেত্রের যেকোনো অনুষ্ঠানে যোগদানের চূড়ান্ত আমন্ত্রণ গ্রহণের পূর্বে আয়োজক প্রতিষ্ঠান/সংস্থার কার্যক্রম সম্পর্কে নিবিড়ভাবে তথ্য সংগ্রহপূর্বক আমন্ত্রণপত্র চূড়ান্ত করা;
- ২। বিতর্ক এড়ানোর লক্ষ্যে অনুষ্ঠানে আমন্ত্রিত অন্যান্য অতিথিবর্গ সম্পর্কেও তথ্য সংগ্রহ করা; কোনো বিতর্কিত ব্যক্তি অনুষ্ঠানের অতিথি তালিকায় থাকলে উক্ত অনুষ্ঠান পরিহার করা।
- ৩। আয়োজিত অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/ব্যানার/লিফলেট পতাকা/ অন্যান্য যেকোনো ছাপানো কাগজের বর্ণনা, লোগো বা শ্লোগান ইত্যাদি বিষয়ে কোনো আপত্তিকর/ বিতর্ক সৃষ্টিকারী কোনো উপাদান রয়েছে কিনা, তা পরীক্ষা করা;
- ৪। অনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতকল্পে আইন শৃংখলা বাহিনী এবং গোয়েন্দা সংস্থার সহায়তা গ্রহণ;
- ৫। নিজস্ব অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/ ব্যানার/ চিঠি/ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ সাজ-সজ্জা/ ফ্রেস্ট/ সার্টিফিকেট/ ট্রফি/ মেডেল/সুভেনির ইত্যাদি ভালোভাবে পরীক্ষা করা; এ সকল ডকুমেন্ট অথবা স্মারকে যাতে কোনো প্রকার আপত্তিকর বা বিতর্ক সৃষ্টিকারী কোনো উপাদান বা বক্তব্য না থাকে, তা নিশ্চিত করা;
- ৬। সরকার কর্তৃক গেজেট নোটিফিকেশনের মাধ্যমে যে সকল দিবস বাতিল ঘোষণা করা হয়েছে, সে সকল দিবস যাতে পালিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকা;
- ৭। সরকার কর্তৃক বাতিল ঘোষিত দিবসসমূহের পূর্ববর্তী বছরগুলোর সকল স্মারক/ ফ্রেস্ট/ ছবি/ সুভেনির ইত্যাদি সকল অফিস থেকে অপসারণের ব্যবস্থা গ্রহণ করা;
- ৮। অনুষ্ঠানিক প্রতিটি সভা/ অনুষ্ঠানের জন্য লিখিত বক্তব্য প্রস্তুতপূর্বক পাঠ করা; লিখিত বক্তব্যের বাইরে কোনো কথা/শ্লোগান/জয়ধ্বনি/বাক্য বলা থেকে যথাসম্ভব বিরত থাকা;
- ৯। যেকোনো প্রকারের গুজব থেকে নিজে এবং নিজ অধিক্ষেত্রের সকল সহকর্মীকে দূরে রাখা।

স্বঃ

(মোঃ আজিজুল হক)

সহকারী পরিচালক

তারিখঃ ৩১/১০/২০২৪ইং

স্মারক নং - ৩৩.০৪.০০০০.১০৫.১৯.০০৩.২০-৬২১

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ।
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা ও ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনা।
- ৫। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাট।
- ৬। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী কেন্দ্র, চাঁদপুর।
- ৭। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার।
- ৮। উপকেন্দ্র ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অ.দা.), প্রাণভূমি উপকেন্দ্র, সাতাহার, বগুড়া।
- ৯। উপকেন্দ্র ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অ.দা.), স্বাদুপানি উপকেন্দ্র, সৈয়দপুর, নীলফামারী।
- ১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ১১। উপকেন্দ্র প্রধান ও উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি উপকেন্দ্র, চাঁচড়া, যশোর।
- ১২। উপকেন্দ্র প্রধান ও উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী উপকেন্দ্র, রাসামাটি।
- ১৩। উপকেন্দ্র প্রধান ও উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী উপকেন্দ্র, খেপুপাড়া, পটুয়াখালী।
- ১৪। প্রচার ও জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ১৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। মাস্টার নথি/সংশিষ্ট নথি।

৩১/১০/২০২৪
সহকারী পরিচালক